



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

### কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

[www.badc.gov.bd](http://www.badc.gov.bd)

স্মারক নং-১২.০৬.০০০০.২০৯.০৬.০০১.১৮.১৯৫

তারিখ: ১৫ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ।

২৮ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বিএডিসি'র উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে অনুষ্ঠিত ৪৩ তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সকল উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে ৪৩তম মাসিক সমন্বয় সভা বিগত ১৫ জানুয়ারি ২০১৯ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (পেক্ষিং চিটিপত্র মিষ্পত্তিকরণ ছকসহ) আগামী ০৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের মধ্যে সমন্বয় বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৮.০১.২৯

মোঃ শাহিন মির্জা

উপসচিব

সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৮১১৫।

e-mail: [ds\\_coordination@badc.gov.bd](mailto:ds_coordination@badc.gov.bd)

কার্যালয়ে বিতরণ (জ্যোতির ক্রমানুসারে নয়):

০১. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত/), বিএডিসি, ঢাকা।
০২. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৩. প্রধান (পরিকল্পনা/ মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৪. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৫. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কংগ্রোঁ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৬. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
০৭. যুগ্মপরিচালক (ডাল ও তেল বীজ/সবজি বীজ), বিএডিসি, ঢাকা।
০৮. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৯. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১০. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশ্র), বিএডিসি, ঢাকা।
১১. উপসচিব (আইন), বিএডিসি, ঢাকা।
১২. প্রধান সমন্বয়কারী, বিএডিসি গবেষণা সেল, বিএডিসি, ঢাকা।
১৩. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিংবিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
০২. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/সার ব্যবস্থাপনা/ অর্থ/ক্ষুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৪. অফিস কপি।



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

### কৃষি ভবন

৮৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমষ্টি বিভাগ

[www.badc.gov.bd](http://www.badc.gov.bd)

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে অনুষ্ঠিত ৪৩ তম মাসিক সমষ্টি সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ ফজলে ওয়াহেদ খোন্দকার, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময়	:	১৫ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ; সকাল ১০:৩০ ঘটিকা।
স্থান	:	সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট - ক।

উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ শাহিন মিয়া, উপসচিব (সমষ্টি) বিগত ২৪ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৪২ তম মাসিক সমষ্টি সভার কার্যবিবরণী দৃঢ়িকরণ করার জন্য উপস্থাপন করেন। উপস্থাপিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়। উপসচিব (সমষ্টি) বিগত ২৪ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত ৪২ তম মাসিক সমষ্টি সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
০১.	সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে সভায় জানানো হয়, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর এর ৪১০টি পদে নিয়োগের স্থগিতকৃত মৌখিক পরীক্ষা বিগত ১২-২২ ডিসেম্বর ২০১৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হয়েছে। চুড়ান্ত ফলাফল প্রকাশ প্রক্রিয়াধীন। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা ৫৭টি, সহকারী হিসাব নিরীক্ষণ কর্মকর্তা ১৪টি পদে নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণের জন্য IBA, ঢাকা বিশ্ববিদ্যালয়কে পত্র প্রেরণ করা হয়েছে। IBA কর্তৃক তারিখ নির্ধারণ সাপেক্ষে নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। সহকারী মেকানিকের ৭২টি শূন্যপদ সরাসরি নিয়োগের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। আবেদনের শেষ সময় ছিল ০৬/১২/২০১৮ তারিখ। নিয়োগের পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন। রাজস্ব বাজেটভুক্ত গাড়ি চালক ২৪টি, ট্রাক ড্রাইভার ৩০টি, স্পীড বোট ড্রাইভার ০২ টি, ট্রান্সের ড্রাইভার ২৭টি মোট ৮৩টি পদে নিয়োগের ক্ষেত্রে আদালতে রিট মামলা রয়েছে এবং আদালত উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছেন। চতুর্থ শ্রেণির পিয়ন পদে ২০১ টি এবং দারোয়ান/গার্ড পদে ২৩০টি সহ মোট ৪৩১টি পদে নিয়োগের ক্ষেত্রে আদালতে রিট মামলা রয়েছে এবং আদালত উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছেন। উপসহকারী পরিচালকের ৬৫ (পঁয়ষষ্ঠি) টি পদে নিয়োগের ক্ষেত্রে আদালতে রিট মামলা	ক. বিএডিসি'র শূন্য পদের বিপরীতে চলমান সকল নিয়োগ প্রক্রিয়া প্রযোজ্য ক্ষেত্রে আদালতের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক দ্রুত সম্প্রল করতে হবে। খ. অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর ৪১০টি পদে নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্প্রল করতে হবে। গ. নিয়োগের কোটায় ও পদোন্নতির কোটায় শূন্য পদের তালিকা মাসিক সমষ্টি সভায় উপস্থাপন করতে হবে। ঘ. পদোন্নতি, অবসরজনিত কিংবা অন্য কোন কারণে পদ শূন্য হলে শূন্য পদ পূরণে বিধিগতভাবে দ্রুত সময়ে কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে। ঙ. কাঠামোভুক্ত পদের বিপরীতে কর্মরত ও শূন্য পদের তালিকা সকল উইং হতে সংস্থাপন বিভাগে দ্রুত প্রেরণ করতে হবে।	০১. নিয়োগ ও কল্যাণ বিভাগ ০২. আইন বিভাগ। ০৩. সকল উইং।	

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিক্কান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
		রয়েছে এবং আদালত উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছে। সভায় সংস্থার শূন্য পদসমূহ দুট পূরণের নিমিত্ত বিশেষ একটি সভা আহবান করার সিক্কান্ত গ্রহণ করা হয়। সভাপতি কাঠামোভুক্ত পদের বিপরীতে কর্মরত ও শূন্য পদের তালিকা সকল উইং হতে সংস্থাপন বিভাগে দুট প্রেরণের জন্য সকল উইংকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি কারিগরি পদসহ সকল শূন্য পদ পূরণের নিমিত্ত যথাযথ কার্যক্রম অব্যাহত রাখার জন্য নিয়োগ ও কল্যাণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।		
০২.	পেন্ডিং চিটিপত্র নিষ্পত্তিকরণ সংক্রান্ত।	এ বিষয়ে সভায় বিভারিত আলোচনা করা হয়। আলোচনাকালে বিভিন্ন বিভাগ হতে সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয় ও বিভিন্ন দপ্তরে যথাসময়ে পত্রের জবাব প্রেরণ করা হচ্ছে। সভাপতি চিটিপত্রের বিষয়ে সকল বিভাগীয় প্রধানকে অধিকতর তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করেন। সভাপতি সকল বিভাগীয় প্রধানকে সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর নির্ধারিত ছক মোতাবেক চিটিপত্র নিষ্পত্তিকরণ সংক্রান্ত তথ্য ও ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পন্ন চিটিপত্রের তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার নির্দেশ প্রদান করেন।	পেন্ডিং চিটিপত্রের বিষয়ে সকল বিভাগীয় প্রধানকে অধিকতর তৎপর হতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে সকল চিটিপত্রের জবাব মন্ত্রণালয় ও বিভিন্ন বিভাগ/দপ্তরে প্রেরণ করতে হবে।	সকল বিভাগ।
০৩.	আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত	সভায় আইন বিভাগ হতে জানানো হয়, সুপ্রিমকোর্টসহ ঢাকার বিভিন্ন আদালতে এবং ঢাকার বাহিরে বিএডিসি'র সর্বমোট ৭৩৬ টি মামলা বিচারাধীন রয়েছে। তন্মধ্যে আগিল বিভাগে বিচারাধীন মামলা ৭৬টি, হাইকোর্ট বিভাগে ৩৭৫টি, ঢাকা জেলা জজ ও অধীনস্ত আদালতে ১০০টি মামলা বিচারাধীন রয়েছে। এছাড়াও ঢাকার বাহিরে বিভিন্ন আদালতে ১৮৫টি মামলা বিচারাধীন রয়েছে। বিচারাধীন এসব মামলার মধ্যে চাকুরি হতে স্বেচ্ছাবসর সংক্রান্ত ৫৫টি, অব্যাহতি সংক্রান্ত ৫৯টি, নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত ৭১টি, জরিম মালিকানা ও গুদামের দখল সংক্রান্ত ৮৪টি, বিভাগীয় দণ্ডাদেশ চ্যালেঞ্জ সংক্রান্ত ৩৬টি। আঅসাতকৃত মালামাল মূল্য আদায় সংক্রান্ত-৫৫টি, সংস্থার পাওনা আদায় সংক্রান্ত-৮৩ টি, অন্যান্য মামলার সংখ্যা-২৯৩টি। সভাপতি বিএডিসি'র বিচারাধীন মামলাসমূহ দুট নিষ্পত্তির জন্য আইন বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি মাসিক সমন্বয় সভায় আদালতে বিএডিসি'র বিচারাধীন মামলা সংক্রান্ত তথ্য উপস্থাপন করার নির্দেশ প্রদান করেন।	বিএডিসি'র মামলা সংক্রান্ত তথ্যাদি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। তাছাড়া, বিএডিসি'র মামলাসমূহ যথাযথভাবে মনিটর করতে হবে। যে সমস্ত মামলার রায়/ডিক্রী সংস্থার বিপক্ষে হয় সেগুলোতে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নিতে হবে। বিএডিসি'র বিচারাধীন মামলাসমূহ দুট নিষ্পত্তির জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	আইন বিভাগ।
০৪.	বিভাগীয় মামলা সংক্রান্ত।	সংস্থাপন বিভাগ সভাকে অবহিত করেন যে, বর্তমানে ২৭টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। বিএডিসি'র চলমান বিভাগীয় মামলাসমূহের মধ্যে চেয়ারম্যান	বিএডিসি'র বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বিভাগীয় মামলাসমূহ দুট	০১. সংস্থাপন বিভাগ ০৩. তদন্ত

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
		বিএডিসি মহোদয় কর্তৃক নিষ্পত্তিযোগ্য মামলার সংখ্যা ১৭টি এবং সচিব, বিএডিসি, কর্তৃক নিষ্পত্তিযোগ্য মামলার সংখ্যা ১০টি। সভাপতি বিএডিসি'র বিভাগীয় মামলাসমূহ দুট নিষ্পত্ত করার জন্য সংস্থাপন বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	নিষ্পত্ত করার নিমিত্ত তদন্ত প্রতিবেদন যথাসময়ে দাখিল করতে হবে। এ বিষয়ে তদন্তকারী কর্মকর্তাগণকে আরো সচেষ্ট হতে হবে।	বিভাগ।
০৫.	বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ পরিদর্শন সংক্রান্ত।	সভায় মনিটরিং বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ পরিদর্শন এর নিমিত্ত কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটির প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করা হবে। সভায় মহাব্যবস্থাপক (এএসসি) বিএডিসি'র মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মাধ্যমে সংশ্লিষ্ট জেলার বীজ সংরক্ষণাগার/সার গুদাম এবং ক্ষুদ্রসেচ উইং এর স্টোরসমূহ পরিদর্শন/মনিটরিং এর প্রস্তাব করেন। সভাপতি বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ প্রতি ০৩ (তিনি) মাস অন্তর অন্তর পরিদর্শন/বাস্তব যাচাই/মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করেন। সভাপতি বিভিন্ন কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্তরে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।	ক. বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ প্রতি ০৩ (তিনি) মাস অন্তর অন্তর পরিদর্শন/বাস্তব যাচাই করে চেয়ারম্যান বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে। খ. কমিটি কর্তৃক দাখিলকৃত সকল প্রতিবেদনের অনুলিপি সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরে প্রেরণ করতে হবে।	০১. মনিটরিং বিভাগ। ০২. সংশ্লিষ্ট সকল কমিটি।
০৬.	বিএডিসি'র নথিসমূহ সুবিন্যস্তকরণ এবং পুরাতন নথিসমূহ অপসারণ সংক্রান্ত।	সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে সভায় জানানো হয়, হিসাব বিভাগকে ৩য় দফায় রেকর্ডরুমের রাক্ষিত অবশিষ্ট নথিসমূহ সুবিন্যস্তকরণ ও শ্রেণীবিন্যাসকরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য পত্র দেয়া হয়েছে। সার ব্যবস্থাপনা বিভাগের পরিবহণ শাখা হতে রেকর্ডরুমের রাক্ষিত নথিসমূহের একটি তালিকা পাওয়া গেছে যা যাচাই-বাছাই করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া আলুবীজ বিভাগ, সওকা বিভাগ, বীপ্তিস, খামার বিভাগ এবং মিশু বিভাগে নথি শ্রেণীবিন্যাসকরণ কার্যক্রম শুরু করার জন্য চিঠি দেয়া হয়েছে কিন্তু উক্ত বিভাগ কর্তৃক এখনো নথি শ্রেণীবিন্যাসকরণ কার্যক্রম শুরু করা হয়নি। সভাপতি মহোদয় রেকর্ডরুমের শ্রেণীবিন্যাসকৃত নথিসমূহ কমিটি কর্তৃক ধ্বংসের নির্দেশনা প্রদান করেন।	ক. বিএডিসি'র কেন্দ্রীয় রেকর্ডরুমের নথিপত্র সংশ্লিষ্ট বিভাগকে সুবিন্যস্ত করতে হবে। খ. রেকর্ডরুমের পুরাতন সুবিন্যস্ত নথিসমূহ কমিটি গঠনপূর্বক ধ্বংসের নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।	০১. সওব্য বিভাগ ০২. সাধারণ পরিচর্যা বিভাগ ০৩. সংশ্লিষ্ট সকল বিভাগ।
০৭.	বিএডিসি'র কর্মকর্তা/ কর্মচারীদের পি. আর. এল. পরবর্তী আনুতোষিক প্রদান সংক্রান্ত।	অর্থ বিভাগ হতে সভায় জানানো হয়, প্রতি মাসে আনুতোষিক প্রদান সংক্রান্ত তথ্য মনিটরিং বিভাগে প্রেরণ করা হচ্ছে। ৩১ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত নতুন আনুতোষিক এর নথি পাওয়া গেছে ৪৮টি এবং নতুন ডিসেম্বর ২০১৮ মাসের পেন্ডিং নথি ছিল ১৪টি। মোট ৬২টি নথির মধ্যে ডিসেম্বর ২০১৮ মাসে ১৯ জন কর্মকর্তা/কর্মচারীকে আনুতোষিক মঙ্গুরি প্রদান করা হয়েছে। বর্তমান ডিসেম্বর ২০১৮ মাসে পেন্ডিং আছে ১৩ টি। সভাপতি মহোদয় বিএডিসি'র	বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের পি. আর. এল. পরবর্তী আনুতোষিকের আবেদন ও আনুতোষিক মঙ্গুরি প্রদানের তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	০১. অর্থ বিভাগ ০২. হিসাব বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিকান্ট	বাস্তবায়নকারী বিভাগ।
		কর্মকর্তা/কর্মচারীদের পি. আর. এল. পরবর্তী অনুতোষিক দুট প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।		
০৮.	বিএডিসি'র ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্ত।	মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, আইসিটি সেল কর্তৃক বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। ডিসেম্বর ২০১৮ মাসে ৪৫১টি অফিস আদেশ, পত্র, মোটিশ ও বিজ্ঞপ্তি আপলোড করা হয়েছে। সভাপতি বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করার জন্য আইসিটি, সেল মনিটরিং বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	আইসিটি সেল, মনিটরিং বিভাগ কর্তৃক বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। সকল বিভাগীয় প্রধানকে আইসিটি সেলের চাহিদাকৃত তথ্য সরবরাহ করতে হবে। বিএডিসি'র ওয়েব সাইটে চিঠিপত্র/তথ্যাদি আপলোডের সংখ্যা বৃক্ষি করতে হবে।	০১. সকল বিভাগীয় প্রধান। ০২. আইসিটি সেল, মনিটরিং বিভাগ।
০৯.	কৃষি ভবনে ই-ফাইলিং চালু সংক্রান্ত।	মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, ই-ফাইলিং প্রশিক্ষণ গ্রহণকারী বিভাগ গুলোতে ই-ফাইলিং চালু করা হয়েছে। ডিসেম্বর ২০১৮ মাসে ই-ফাইলিং অগ্রগতি হচ্ছে মোট ডাক গ্রহণঃ ১৩২৭টি; স্ব. উদ্যোগে নোটঃ ২৯৫টি, ডাক/পত্র হতে সৃজিত নোটঃ ৯৬টি, পত্র জারির সংখ্যাঃ ২১৯টি, মোট নোটে নিষ্পত্তিঃ ১৭৩টি। সভাপতি কৃষি ভবনে ই-ফাইলিং ও ই-মেইল কার্যক্রম বৃক্ষি করার নিমিত্ত প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।	ই-ফাইলিং প্রশিক্ষণ গ্রহণকারী বিভাগ গুলোতে ই-ফাইলিং চালু রাখতে হবে। সকল বিভাগকে ই-ফাইলিং এর মাধ্যমে নথি উপস্থাপন পর্যায়ক্রমে বৃক্ষি করতে হবে। ই-ফাইলিং ও ই-মেইল সংক্রান্ত অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	০১. আইসিটি সেল, মনিটরিং বিভাগ। ০২. সংশ্লিষ্ট সকল বিভাগ/ দপ্তর।
১০.	কৃষি ভবনের ছাদের উপর পরিবেশ বাস্তব বাগান সৃজন সংক্রান্ত।	উদ্যান উন্নয়ন বিভাগ হতে সভায় জানানো হয়, কৃষি ভবনের ছাদের উপর পরিবেশ বাস্তব বাগানে ফল, ফুল ও অন্যান্য শোভাবর্ধনকারী গাছ যথারীতি পরিচর্যা করা হচ্ছে এবং সম্প্রসারণ অব্যাহত আছে। সভাপতি এ বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখার জন্য উদ্যান উন্নয়ন বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি কৃষি ভবনের ছাদ বাগানের কিছু ছবি মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য উদ্যান উন্নয়ন বিভাগকে নির্দেশনা প্রদান করেন। কৃষি ভবনের ছাদ বাগান উন্নয়নের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন করে কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে। গ. কৃষি ভবনের ছাদ বাগানের কিছু ছবি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	ক. কৃষি ভবনের ছাদের উপর পরিবেশ বাস্তব বাগান সৃজন এর নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। খ. কৃষি ভবনের ছাদ বাগান উন্নয়নের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন করে কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে। গ. কৃষি ভবনের ছাদ বাগানের কিছু ছবি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	০১. উদ্যান উন্নয়ন বিভাগ। ০২. গবেষণা সেল।
১১.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশুতি নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত।	বিভিন্ন বিভাগ হতে সভায় জানানো হয়, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা যথাযথ অনুসরণ ও বাস্তবায়ন এর প্রচেষ্টা অব্যাহত রয়েছে। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা যথাযথ অনুসরণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা (বিএডিসি সংশ্লিষ্ট) বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি মনিটরিং বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে প্রয়োজনীয় তথ্য মনিটরিং বিভাগে প্রেরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট উইকে নির্দেশনা প্রদান করেন।		নিষ্পত্তি।
১২.	বিএডিসি কর্তৃক সৌর সমন্বয় নির্মাণ বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র প্রধান কার্যালয়ে ২ কিলোওয়াট ক্যাপাসিটির একটি সৌলার	বিএডিসি কর্তৃক স্থাপিত সৌর প্যানেল এর সংখ্যা ও স্থান মাসিক সমন্বয় সভায়	নির্মাণ বিভাগ।	

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
	প্যানেল স্থাপন সংক্রান্ত।	প্যানেল স্থাপন করা হয়েছে। মাঠ পর্যায়ে যোগাযোগে জানা যায় যে, পাকুন্দিয়া, মিরপুর-গাবতলী, দত্তনগর, মধুপুর, উল্লাপাড়া কোল্ড স্টোরেজ ও ডোমার, কাশিমপুর, গাবতলী টিস্যু কালচার ল্যাবে সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। রাবার ড্যাম প্রকল্পের আওতায় নালিতাবাড়ী শেরপুর), বিশ্বন্তরপুর (সুনামগঞ্জ) ১টি, রাঙ্গুনিয়ায় ২টি সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। অর্থাৎ মোট ১৫টি সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। এছাড়া বিএডিসি'র বিদ্যামান বিভিন্ন অফিস ও স্থাপনাসমূহে নিজস্ব ব্যবস্থাপনায় সৌর প্যানেল স্থাপন করাসহ নতুন প্রকল্প/কর্মসূচি ডিপিপি/পিপিএনবিতে সোলার প্যানেল স্থাপনের সংস্থান রাখার জন্য মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি বিএডিসি'র আওতায় সোলার প্যানেল এর সংখ্যা বৃদ্ধির বিষয়ে প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক ও দপ্তর প্রধানগণকে স্ব উদ্যোগে অফিস ভবনে সোলার প্যানেল স্থাপনের পরামর্শ প্রদান করেন।	উপস্থাপন করতে হবে। বিএডিসি কর্তৃক স্থাপনকৃত সৌর প্যানেলের সংখ্যা পর্যায়ক্রমে বৃদ্ধি করতে হবে। প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক ও দপ্তর প্রধানগণ কর্তৃক স্ব উদ্যোগে অফিস ভবনে সোলার প্যানেল স্থাপনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।	
১৩.	অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত।	সভায় অডিট আপত্তি হতে জানানো হয়, নভেম্বর ২০১৮ পর্যন্ত ৮৫৮৭টি অনিষ্পত্ত অডিট আপত্তি রয়েছে। ডিসেম্বর ২০১৮ মাসে কোন আপত্তি উত্থাপিত হয়নি এবং উক্ত মাসে ১১১টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। এছাড়া, ডিসেম্বর ২০১৮ মাসে ০৫ টি দ্বিপক্ষীয় সভা ও ০১টি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতি প্রতিমাসে অডিট আপত্তি ও নিষ্পত্তির তথ্য মাসিক সমষ্টি সভায় উপস্থাপনের জন্য অডিট বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি বিএডিসি'র সকল অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য অডিট বিভাগ ও সংশ্লিষ্ট সকল বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	ক. বিএডিসি'র প্রতিমাসে অডিট আপত্তি, নিষ্পত্তি, দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার তথ্য মাসিক সমষ্টি সভায় সভায় উপস্থাপন করতে হবে। খ. বিএডিসি'র সকল অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।	০১. অডিট বিভাগ। ০২. সংশ্লিষ্ট সকল বিভাগ।
১৪.	বিএডিসি'র বিভিন্ন প্রকাশনা সংক্রান্ত।	সভায় বিএডিসি'র বিভিন্ন প্রকাশনা বিষয়ে বিভারিত আলোচনা করা হয়। জনসংযোগ বিভাগ হতে সভায় জানানো হয়, ইতোমধ্যে বিএডিসি'র ডায়েরি ও ক্যালেন্ডার ২০১৮ প্রকাশ করা হয়েছে। টেলিফোন নির্দেশিকা-২০১৮ এর কাজ চলমান রয়েছে। সভাপতি বিএডিসি'র সকল প্রকাশনা যথাসময়ে প্রকাশের জন্য জনসংযোগ বিভাগ ও সংশ্লিষ্ট সকল বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	নিষ্পত্তি।	-
১৫.	বিএডিসি'র গবেষণা কার্যক্রম সংক্রান্ত।	সভায় বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর বিভারিত আলোচনা করা হয়। বিএডিসি'র গবেষণা সেল হতে জানানো হয়, বিএডিসিতে রাজস্ব অর্থায়নে চলতি অর্থ বছরে ০৭টি গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে জোরদার করার জন্য বিএডিসি'র সকল গবেষককে অনুরোধ করেন। সভাপতি বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর অগ্রগতি মাসিক	বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর অগ্রগতি মাসিক সমষ্টি সভায় উপস্থাপন করতে হবে। বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে আরো গতিশীল ও ফলপ্রসূ করতে হবে।	প্রধান সমষ্টি সভায়, গবেষণা সেল, বিএডিসি।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
		সমস্যায় সভায় উপস্থাপনের জন্য বিএডিসি'র গবেষণা সেলকে নির্দেশনা প্রদান করেন।		
১৬.	সংস্থার বিভিন্ন দপ্তর/বিভাগ/শাখা পরিদর্শন সংক্রান্ত।	সভায় সমস্যায় বিভাগ হতে জানানো হয়, গত মাসিক সমস্যায় সভা পরবর্তী মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা) মহোদয় কর্তৃক বিক্রয় শাখা পরিদর্শন করা হয়েছে এবং প্রতিবেদন পাওয়া গেছে। সভাপতি স্ব উইং ও বিভাগীয় প্রধানগণকে নিয়মিত তাঁর দপ্তর/বিভাগ/শাখা পরিদর্শন অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।	স্ব স্ব উইং ও বিভাগীয় প্রধানগণকে নিয়মিত তাঁর দপ্তর/বিভাগ/শাখা পরিদর্শন করতে হবে। দপ্তর/বিভাগ/শাখার সমস্যাসমূহ মাসিক সমস্যায় সভায় উপস্থাপন করতে হবে।	সকল উইং/দপ্তর ও বিভাগীয় প্রধান।
১৭.	মোবাইল ফোন ও মোবাইলে ইন্টারনেট ব্যবহারের জন্য প্রাপ্য ভাতা উত্তোলন সংক্রান্ত।	অর্থ বিভাগ হতে সভায় জানানো হয়, সংস্থায়/কর্পোরেশনে মোবাইল ফোন ও মোবাইল ইন্টারনেট ব্যবহারের জন্য ভাতা প্রদানের বিষয়ে অর্থ বিভাগের স্মারক নং-৮৯৬(২) তাৎক্ষণ্য নভেম্বর ২০১৮ ইং মোতাবেক কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে এবং এ বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। সভাপতি এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখার জন্য অর্থ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র ৪ৰ্থ গ্রেড ও তদুর্ধ কর্মকর্তাদের মোবাইল ফোন ও মোবাইলে ইন্টারনেট ব্যবহারের জন্য ভাতা প্রদানের বিষয়ে মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	অর্থ বিভাগ।
১৮.	বিএডিসি'র জীর্ণ স্থাপনাসমূহ Condemn ঘোষণা সংক্রান্ত।	নির্মাণ বিভাগ হতে সভায় অবহিত করা হয় যে, বিএডিসি'র সকল উইং এর Condemn ঘোষণাকৃত/Condemn যোগ্য/ভবিষ্যৎভে Condemn যোগ্য মোট ৭২৬ টি জরাজীর্ণ স্থাপনার তালিকা পুস্তিকা আকারে তৈরী করা হয়েছে। উক্ত স্থাপনার মধ্যে ইতোমধ্যে ২৭টি জরাজীর্ণ স্থাপনা Condemn ঘোষণা করা হয়েছে যার মধ্যে সার ব্যবস্থাপনা বিভাগের ০২টি, ক্ষুদ্রসেচ বিভাগের ১টি, উদ্যান বিভাগের ৫টি বীজ প্রক্রিয়াজাতকরণ বিভাগের ১টি এবং খামার বিভাগের ১৮টি স্থাপনা রয়েছে। সভাপতি বিএডিসি'র জীর্ণ স্থাপনাসমূহ চিহ্নিত করে Condemn ঘোষণা করার জন্য নির্মাণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র সকল উইংয়ের আওতায় জীর্ণ স্থাপনাসমূহ চিহ্নিত করে Condemn ঘোষণা করতে হবে।	০১. নির্মাণ বিভাগ। ০২. সংশ্লিষ্ট উইং/বিভাগ/ দপ্তর।
১৯.	বিএডিসি'র সকল জমির সুষ্ঠু ব্যবহার সংক্রান্ত।	সভায় সাধারণ পরিচর্যা বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র যে সকল জমি অব্যবহৃত অবস্থায় রয়েছে সে সকল জমি সংস্থার কাজে ব্যবহারের জন্য ই-নথি স্মারক নং-২৫ তারিখ: ১৩.০১.২০১৯ মোতাবেক সংশ্লিষ্ট সকল বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি বিএডিসি'র সকল জমিজমার নামাজারি বিএডিসি'র নামে করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি বিএডিসি'র সকল জমির সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার বিষয়ে সকল উইংকে নির্দেশনা প্রদান করেন।	ক. বিএডিসি'র সকল জমি সংস্থার কাজে ব্যবহার উপযোগী করতে হবে। খ. বিএডিসি'র সকল জমিজমার নাম জারি বিএডিসি'র নামে করতে হবে।	০১. সাধারণ পরিচর্যা বিভাগ ০২. সংশ্লিষ্ট সকল দপ্তর/বিভাগ।
২০.	টেকসই উন্নয়ন অভীষ্ঠ (এসডিজি) অর্জন সংক্রান্ত।	সভায় টেকসই উন্নয়ন অভীষ্ঠ (এসডিজি) অর্জন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রধান পরিকল্পনা সভাকে অবহিত করেন যে, এসডিজি'র Action Plan এর ওপর একটি সভা করা হয়েছে এবং এসডিজি'র Road	এসডিজি'র Road Map অনুযায়ী বিএডিসি'র কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে।	০১. সংশ্লিষ্ট সকল উইং ০২. পরিকল্পনা বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
।		Map প্রণয়ন করা হয়েছে। সভাপতি এসডিজি'র Road Map অনুযায়ী বিএডিসি'র কার্যক্রম বাস্তবায়ন করার জন্য সভায় নির্দেশনা প্রদান করেন।		।
২১.	তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে বিএডিসি কর্তৃক তথ্য প্রকাশ/সরবরাহ সংক্রান্ত।	সভায় তদন্ত বিভাগ হতে জানানো হয়, ডিসেম্বর ২০১৮ মাসে তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে কোন আবেদন পাওয়া যায়নি। আবেদন পাওয়া গেলে তথ্য সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানকে সরবরাহ করা হবে। সভায় মহাব্যবস্থাপক (তদন্ত) আরো জানান যে, বিএডিসি'র তথ্য প্রকাশ/সরবরাহের বিষয়ে একটি নীতিমালা ইতোমধ্যে চূড়ান্ত করা হয়েছে এবং সংস্থার ওয়েব সাইটেও দেয়া হয়েছে। সভাপতি তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে বিএডিসিতে তথ্য চাওয়া হলে দুটি তথ্য প্রদানের জন্য মহাব্যবস্থাপক (তদন্ত) ও সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি তথ্য অধিকার আইনের আলোকে তথ্য প্রাপ্তির আবেদনের সংখ্যা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য তদন্ত বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	তথ্য অধিকার আইনের আলোকে তথ্য প্রাপ্তির আবেদনের সংখ্যা ও আবেদনকারীকে তথ্য সরবরাহের অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	তদন্ত বিভাগ।
২২.	বিএডিসি'র Integrated software প্রণয়ন সংক্রান্ত।	সভায় বিএডিসি কর্তৃক Integrated software প্রণয়ন বিষয়ে আলোচনা করা হয়। হিসাব বিভাগ হতে সভায় জানানো হয় বিএডিসি Integrated software প্রণয়ন এর কাজ চলমান রয়েছে। সদস্য পরিচালক (অর্থ) বিএডিসি'র Integrated software প্রণয়ন এর নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগের তথ্যাদি হিসাব বিভাগে প্রেরণের জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সভাপতি বিএডিসি কর্তৃক Integrated software প্রণয়ন এর অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য হিসাব বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র Integrated software প্রণয়ন এর অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	হিসাব বিভাগ।
২৩.	বিএডিসি'র উচ্চ শিক্ষা নীতিমালা যুগোপযোগী সংক্রান্ত।	সভায় সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র উচ্চ শিক্ষা নীতিমালা যুগোপযোগীকরনের নিমিত্ত একটি অফিস আদেশ জারি করা হয়েছে। যুগ্মসচিব (সংস্থাপন) সভায় জানান যে, বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের উচ্চ শিক্ষার যাবতীয় কার্যক্রম সংস্থাপন বিভাগ হতে সম্পন্ন করা হয়। যুগ্মসচিব (সংস্থাপন) বিএডিসি'র উচ্চ শিক্ষা নীতিমালা যুগোপযোগীকরণ সংক্রান্ত কমিটিতে সংস্থাপন বিভাগের উপসচিব সমপর্যায়ের একজন কর্মকর্তাকে কো-অপ্ট করার প্রস্তাব করেন। সভাপতি সংস্থাপন বিভাগের উপসচিব-২ কে উক্ত কমিটিতে কো-অপ্ট করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি গঠিত কমিটি কর্তৃক সুপারিশকৃত নীতিমালা পরবর্তী সাধারণ পর্যবেক্ষণ সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন।	ক. বিএডিসি'র উচ্চ শিক্ষা নীতিমালা যুগোপযোগীকরণ সংক্রান্ত কমিটিতে সংস্থাপন বিভাগের উপসচিব-২ কে কো-অপ্ট করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো। খ. গঠিত কমিটি কর্তৃক সুপারিশকৃত নীতিমালা পরবর্তী সাধারণ পর্যবেক্ষণ সভায় উপস্থাপন করতে হবে।	০১. সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ। ০২. সংশ্লিষ্ট কমিটি।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
২৪.	বিএডিসি'র কর্মকর্তা ও কর্মচারীদের স্ব স্ব বিভাগ/দপ্তরের হাজিরা খাতায় যথাসময়ে স্বাক্ষর সংক্রান্ত।	সভায় সংস্থাপন বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা খাতায় স্বাক্ষরের নিমিত্ত অফিস আদেশ জারি করা হয়েছে। সভাপতি মাঠ পর্যায় ও সদর দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের কর্মসূলে যথাসময়ে উপস্থিতি নিশ্চিত করার জন্য সকল উইং ও বিভাগীয় প্রধানকে নির্দেশনা প্রদান করেন। সভাপতি মাঠ পর্যায়ে টেলিফোন মারফত বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য সংস্থাপন বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সদর দপ্তর ও মাঠ পর্যায়ে ইলেকট্রনিক হাজিরা পদ্ধতি চালুকরণের জন্য সাধারণ পরিচর্যা বিভাগকে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	ক. বিএডিসি'র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে হাজিরা খাতায় স্বাক্ষর করতে হবে। খ. সদর দপ্তর ও মাঠ পর্যায়ে বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের ইলেকট্রনিক হাজিরা পদ্ধতি চালুকরণের জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।	০১. সংস্থাপন বিভাগ। ০২. সাধারণ পরিচর্যা বিভাগ। ০৩. আইসিটি সেল, মনিটরিং বিভাগ।

## বিবিধঃ

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
০১.	বিএডিসি'র অবসর প্রাপ্ত কর্মচারীদের পাওনা ও দায়-দেনা ফরম সংশোধনের সংক্রান্ত।	সভায় প্রধান প্রকৌশলী (সওকা) বিএডিসি'র অবসর প্রাপ্ত কর্মচারীদের পাওনা ও দায়-দেনা ফরম সংশোধনের প্রস্তাব করেন। তিনি সভায় উল্লেখ করেন যে, বিএডিসি'র অবসর প্রাপ্ত কর্মচারীর পাওনা ও দায়-দেনা প্রতিবেদন ও প্রত্যয়নে কোন ভুল ভ্রাতির জন্য সংশ্লিষ্ট বিভাগীয়/প্রকল্প প্রধান ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন বিষয়টি দায়-দেনা ফরম হতে বর্জন করা যেতে পারে। সভায় প্রধান পরিকল্পনা বলেন যে, কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নথিপত্র সংস্থাপন বিভাগে সংরক্ষিত থাকে। সংশ্লিষ্ট বিভাগে কোন তথ্য থাকে না। তাই বিভাগীয় প্রধান ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন বিষয়টি দায়-দেনা ফরম হতে বর্জন করা যায়। সভাপতি বিএডিসি'র দায়-দেনা ফরম সংশোধনের জন্য সংস্থাপন বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র অবসর প্রাপ্ত কর্মচারীদের পাওনা ও দায়-দেনা ফরমটি প্রয়োজনীয় সংশোধন করতে হবে।	সংস্থাপন বিভাগ।

০২. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ ফজলে ওয়াহেদ খোন্দকার  
চেয়ারম্যান, বিএডিসি

ও  
সভাপতি  
মাসিক সমন্বয় সভা।